



## সংস্কৃতি যেখানে যেমন

উত্তরপাড়া সঙ্গীতচক্রের উচ্চাঙ্গ সঙ্গীত সম্মেলন

নিজস্ব সংবাদদাতা ✧ উত্তরপাড়া



যুগলবন্দির আসরে তেজেন্দ্রনারায়ণ মজুমদার (সরোদ) পারভেজ খান (সেতার)।

তবলায় শুভঙ্কর চক্রবর্তী। উত্তরপাড়ায় উচ্চাঙ্গ সঙ্গীত সম্মেলনে ছবিটি তুলেছেন কৌশিক নাগ।

উত্তরপাড়া সঙ্গীতচক্রের ৫৪তম বার্ষিক উচ্চাঙ্গ সঙ্গীত সম্মেলন শনিবার থেকে শুরু হয়েছে জয়কৃষ্ণ সাধারণ গ্রন্থাগারের মাঠে। প্রথম দিনের অনুষ্ঠান উৎসর্গ করা হয় উস্তাদ আলি আকবর খানের স্মৃতিতে। শ্রীকুমার মুখোপাধ্যায়ের খেয়াল দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এর পরে ছিল উস্তাদ পারভেজ খানের সেতার এবং পণ্ডিত তেজেন্দ্রনারায়ণ মজুমদারের সরোদের যুগলবন্দি। কণ্ঠসঙ্গীত পরিবেশন করেন উস্তাদ রশিদ খান। তবলায় সঙ্গত করেন শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়। হারমোনিয়ামে জ্যোতি গোহো। উস্তাদ আলি আকবর খানের পুত্র উস্তাদ আল ম খান সরোদ মুঞ্চ করে শ্রোতাদের। তবলায় ছিলেন তন্ময় বসু। রাত জেগে অনুষ্ঠান দেখেন সঙ্গীতপ্রেমী মানুষ। সঙ্গীতচার্য তারাপদ চক্রবর্তীর জন্মশতবর্ষ স্মরণে রবিবারের অনুষ্ঠান হয়। কণ্ঠসঙ্গীত পরিবেশন করেন পণ্ডিত মানস চক্রবর্তী। তবলায় সমর সাহা এবং হারমোনিয়ামে সঙ্গত করেন রঞ্জন মুখোপাধ্যায়। শ্রীখোল শোনান হরেকৃষ্ণ হালদার। কণ্ঠসঙ্গীত পরিবেশন করেন পার্থসারথি দেশিকান্ত। আজ, সোমবার অনুষ্ঠানের শেষ দিন। উদ্যোক্তারা জানিয়েছেন, সোমবারের অনুষ্ঠান সঙ্গীতচার্য ভীষ্মদেব চট্টোপাধ্যায়ের স্মৃতিতে উৎসর্গ করা হবে। সারা রাত অনুষ্ঠান হবে। কণ্ঠসঙ্গীতে থাকছে পণ্ডিত রাজন মিশ্র ও পণ্ডিত সাজন মিশ্রের যুগলবন্দি। তবলায় শুভেন চট্টোপাধ্যায়। থাকছে পণ্ডিত হরিপ্রসাদ চৌরাসিয়ার বাঁশি। তবলায় শুভঙ্কর বন্দ্যোপাধ্যায়। কথক নৃত্য পরিবেশন করবেন মধুমিতা রায় এবং অন্যরা।

## লিটল ম্যাগাজিন মেলা শ্রীরামপুরে

নিজস্ব সংবাদদাতা ✧ শ্রীরামপুর

‘নীল সুখমা’ পত্রিকার উদ্যোগে শ্রীরামপুর স্টেশন সংলগ্ন গান্ধী ময়দানে সম্প্রতি হয়ে গেল দশম বার্ষিকী হুগলি জেলা লিটল ম্যাগাজিন মেলা। ১৯ জানুয়ারি মেলার উদ্বোধন করেন কামারপুকুর রামকৃষ্ণ মঠের সন্ন্যাসী তথা ‘উদ্বোধন’ পত্রিকার প্রাক্তন সম্পাদক স্বামী শিবপ্রদানন্দ। ৪ দিনের ওই মেলার থিম ছিল দেবানন্দপুর। মেলা কমিটির সম্পাদক ও আহ্বায়ক প্রশান্ত ঘোষ জানান, মেলায় ৬৫টি স্টল রাখা হয়েছিল। প্রতিদিন বাউল গান, কবিতা পাঠ-সহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিবেশিত হয়। শিক্ষামূলক বিষয় নিয়ে আলোচনাচক্রের আসর বসে।

## ট্রেন চলাচলের ১২৫ বছর

নিজস্ব সংবাদদাতা ✧ তারকেশ্বর

তারকেশ্বরে ট্রেন চলাচলের ১২৫ বছর পূর্তিতে সম্প্রতি এক অনুষ্ঠানের আয়োজন করে তারকেশ্বর লাইন প্যাসেঞ্জার্স অ্যাসোসিয়েশন। সংগঠনের সম্পাদক রথীন্দ্রনাথ বন্দোপাধ্যায় জানান, ১২৫টি প্রদীপ জ্বালানো হয় অনুষ্ঠানে। নিত্যযাত্রীর া স্মৃতিচা রণা করেন।

## ভক্ত-শিষ্য সম্মেলন

মাহেশ শ্রীরামকৃষ্ণ আশ্রমের সঙ্গে যুক্ত ভক্ত ও শিষ্যদের এক প্রীতি সম্মেলন হয়ে গেল সম্প্রতি।

‘কোথায় কী’ বিভাগে প্রকাশের জন্য অন্তত ১০

দিন

আগে অনুষ্ঠানসূচি পাঠান এই ঠিকানায়

আনন্দবাজার পত্রিকা,

জেলা দফতর,

৬, প্রফুল্ল সরকার স্ট্রিট,

কলকাতা- ৭০০ ০০১



First Page | Calcutta | State | Uttarbanga | Dakshinbanga | Bardhaman  
Purulia | Murshidabad | Medinipur | National | Foreign | Business | Sports  
Health | Environment | Editorial | Today | Crossword | Comics | Feedback  
Archives | About Us | Advertisement Rates | Font Problem